

আদেশনামা

নৈহাটি.....ইউনিয়ন পরিষদ/গ্রাম আদালত

উপজেলা : রূপসা জেলা : খুলনা

মামলা নং : ১৪/২০২২ মামলার ধরন : দেওয়ানী

আবেদনকারী : মোঃ চাঁদ আহমেদ প্রতিবাদী : মোঃ মহিদুল শেখ

আদেশের নং ও তারিখ	আদেশের বিবরণ	চেয়ারম্যানের সাক্ষর
১ ০৩/০৭/২০২২	<p>বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে ৩০/০১/২০২২ ইং তারিখ প্রেরিত যার সারক নং- চীঃজুঃ ম্যাঃখুঃ /গ্রাঃআদাঃনঃপ্রঃ/ ২২-৩৪৭; খুলনা এর রূপসা থানার এফ আই আর নং- ১৭/১১৩, তারিখ: ২০/০৬/২০২১; জি আর নং- ১১৩/২১ (রূপসা) ; অত্র ইউপিতে প্রেরণ করা হয়। যার আবেদনকারী মোঃ চাঁদ আহমেদ, উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, খুলনা(অঃদঃ) এর আবেদিত আবেদনপত্রটি সহ মামলার নথি দেখিলাম। পর্যালোচনা ঘটনার বিবরণে দেখা যায়, জি আর নং- ১১৩/২১ (রূপসা) এর প্রতিবাদীগন (১) মোঃ মহিদুল শেখ (২) মোঃ মোস্তাছির হাসান রেলওয়ে জায়গায় বিভিন্ন ধরনের গাছ কর্তন করে ক্ষতি সাধন করে এবং মামলার আবেদনকারী মোঃ চাঁদ আহমেদ, উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, খুলনা(অঃদঃ) তার আবেদনকারী একজন সরকার পক্ষ। গ্রাম আদালত আইন, ২০০৬ (সংশোধন ২০১৩) এর ধারা ৩ এর উপধারা ২(গ) "সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ বা কর্তব্য পালনরত কোন সরকারী কর্মচারী উক্ত বিবাদের কোন পক্ষ হয় তাহলে গ্রাম আদালত কর্তৃক বিচার্য হইবে না"। এই ধারা অনুযায়ী মামলাটি গ্রাম আদালতের এখতিয়ার ভুক্ত নয় বিধায় মামলাটি পুনরায় বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, খুলনায় মূল নথিসহ প্রেরণ করা হোক।</p>	